

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ় ১৪২২ বঙ্গাব্দ/৩০ জুন ২০১৫ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ১৯০-আইন/২০১৫।—নিরাপদ খাদ্য আইন, ২০১৩ (২০১৩ সনের ৪৩ নং আইন) এর উদ্দেশ্যপূরণকল্পে সরকার, সুপ্রীম কোর্টের সহিত পরামর্শক্রমে, উক্ত আইনের ধারা ৬৪ এর—

(ক) উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে—

- (১) প্রতিটি জেলার ১নং সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত (১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট আদালত);
 - (২) ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য ১৯ নং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত;
 - (৩) চট্টগ্রাম মেট্রোপলিটন এলাকার জন্য ৪ নং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত;
 - (৪) রাজশাহী মেট্রোপলিটন এলাকার জন্য ২ নং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত;
 - (৫) খুলনা মেট্রোপলিটন এলাকার জন্য ২ নং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত;
 - (৬) সিলেট মেট্রোপলিটন এলাকার জন্য ৩ নং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত; এবং
 - (৭) বরিশাল মেট্রোপলিটন এলাকার জন্য ১ নং মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত;
- কে বিশুদ্ধ খাদ্য আদালত হিসাবে নির্ধারণ করিল; এবং

(৫২৬৯)

মূল্য : টাকা ৪.০০

(খ) উপ-ধারা (৩) এর বিধান অনুসারে দফা (ক) তে উল্লিখিত প্রতিটি জেলা এবং মেট্রোপলিটন এলাকাকে সংশ্লিষ্ট বিশুদ্ধ খাদ্য আদালতের অধিক্ষেত্র নির্ধারণ করিল।

২। আইন ও বিচার বিভাগের বিগত ১৮ মার্চ, ২০১৩ খ্রিস্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস,আর,ও নং ৭৩-আইন/২০১৩ এতদ্বারা রহিত করা হইল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোশতাক আহাম্মদ
সিনিয়র সহকারী সচিব।